# পবিত্র বাইবেল পরিচিতি ও পর্যালোচনা

বিভাগ/অধ্যায়ঃ তৃতীয় অধ্যায় - বৈপরীত্য

রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আব্দুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

## ৩. ২. ৩০. ইয্রা ও নহিমিয়ের বৈপরীত্য

পুরাতন নিয়মের ১৫ ও ১৬ নং পুস্তক Ezra ও Nehemiah। কেরি বাইবেল ইয্রা ও নহিমিয়, কিতাবুল মোকাদ্দসে উযাইর ও নহিমিয়া আর জুবিলী বাইবেলে এজরা ও নেহেমিয়া। ইয্রার ২য় অধ্যায় এবং নহিমিয়ের ৭ম অধ্যায়ে ব্যাবিলনের বন্দিদশা থেকে প্রত্যাগত ইহুদিদের প্রথম গ্রন্নপের তালিকা প্রদান করা হয়েছে। যদি কেউ এ দু' অধ্যায় তুলনা করেন তবে বিশটারও বেশি বৈপরীত্য দেখবেন। তবে বৈপরীত্য বাদ দিলেও উভয় স্থানে অন্য একটা ভুল রয়েছে। তা হল উভয় স্থানে প্রত্যাগত ব্যক্তিদের বংশ ভিত্তিক সংখ্যা প্রদান করার পরে সংখ্যার যোগফল উল্লেখ করা হয়েছে। উভয় স্থানেই বলা হয়েছে: " "একত্রীকৃত সমস্ত সমাজ বিয়াল্লিশ হাজার তিন শত ষাট জন (৪২,৩৬০) ছিল।" (উযায়ের/ ইয্রা ২/৬৪ ও নহিমিয় ৭/৬৬)

কিন্তু ইয্রা (উযাইর) বা নহিমিয় কারো প্রদত্ত সকল সংখ্যা যোগ করলে কখনোই এ সংখ্যা পাওয়া যায় না। ইয্রার বক্তব্য অনুযায়ী সকল সংখ্যা যোগ করলে যোগফল হয় ২৯,৮১৮। আর নহিমিয়ের বক্তব্য অনুযায়ী যোগফল হয় ৩১,০৮৯। স্কট বিডস্ট্রাপ লেখেছেন:

"The authors of Ezra 2:3 and Neh. 7:8 enumerate the tribes that came back from captivity in Babylon. They disagree as to the numbers involved in some clans and tribes: ... The accounts clearly differ in significant details, and by significant amounts. They obviously can't both be right. If this is God's word, He apparently can't get the story straight when telling it twice."

"ইয্রা ২/৩ এবং নেহেমিয় ৭/৮ উভয়েই ব্যাবিলনের বন্দিদশা থেকে ফিরে আসা গোষ্ঠীগুলোর জনসংখ্যা বর্ণনা করেছে। একই বংশ ও গোষ্ঠীর মুক্তিপ্রাপ্তদের সংখ্যা বর্ণনায় উভয়ের মধ্যে ভিন্নতা বিদ্যমান। ... বিস্তারিত বিবরণ ও সংখ্যা উভয় দিক থেকেই দুটো বিবরণ লক্ষণীয়ভাবে পরস্পর বিরোধী ও সাংঘর্ষিক। অত্যন্ত সুস্পষ্ট যে, দুটো বর্ণনাই সঠিক হওয়া সম্ভব নয়। যদি এটা ঈশ্বরের কথা হয়ে থাকে, তবে প্রতীয়মান হয় যে, ঈশ্বর একটা ঘটনা দুবার বলতে গেলে দ্বিতীয়বার ঠিকমত বলতে পারেন না!"[1]

এর সাথে কেউ বলতে পারেন, ঈশ্বর কি যোগ-বিয়োগেও ভুল করেন?

### ফুটনোট

[1] http://www.bidstrup.com/bible2.htm

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন